



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা

বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯

www.pmeat.gov.bd; ফ্যাক্স: ০২-৮১৯১০১৯



জরুরি
সীমিত

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০৩.৩২.০০১.১৯.৯

তারিখ: ২৮ চৈত্র ১৪২৭

১১ এপ্রিল ২০২১

বিষয়: উপবৃত্তির অর্থ প্রাপ্তির জন্য শিক্ষার্থী প্রদত্ত ভুল হিসাব নাম্বার সংশোধন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় ২০২০ সালে স্নাতক ও সমমান পর্যায়ের শিক্ষার্থীদের মাঝে উপবৃত্তির অর্থ বিতরণের জন্য শিক্ষার্থী কর্তৃক ইতোপূর্বে ই-স্টাইপেন্ড সিস্টেমে স্ব-স্ব একাউন্ট নাম্বার প্রদান করেছে। কিন্তু শিক্ষার্থী কর্তৃক প্রদত্ত একাউন্ট নাম্বার ভুল হওয়ার কারণে কিছু সংখ্যক শিক্ষার্থীর একাউন্ট নম্বরে উপবৃত্তির অর্থ প্রেরণ করা সম্ভব হয়নি এবং কিছু সংখ্যক শিক্ষার্থীর একাউন্ট নম্বরে উপবৃত্তির অর্থ প্রেরণ করা হলেও একাউন্ট নম্বর সক্রিয় না থাকায় উপবৃত্তির অর্থ ফেরত এসেছে। দরিদ্র পরিবারের মেধাবী শিক্ষার্থীরা যাতে উপবৃত্তির অর্থ পেতে পারে সেজন্য ভুল একাউন্ট নম্বর সংশোধন বা সক্রিয় করা লক্ষ্যে সংশ্লিষ্ট শিক্ষার্থীর উপজেলাভিত্তিক তালিকা সংযুক্ত করা হলো। বর্তমান করোনা পরিস্থিতিতে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় তালিকায় উল্লিখিত শিক্ষার্থীদের ভুল একাউন্ট নম্বরসমূহ সংশোধনের বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা এবং ব্যাংক /মোবাইল আর্থিক সুবিধা প্রদানকারী প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন।

এমতাবস্থায়, উপবৃত্তির অর্থ বিতরণের জন্য সংযুক্ত তালিকায় উল্লিখিত ভুল একাউন্ট নাম্বারসমূহ সংশোধনপূর্বক শিক্ষার্থীদের সঠিক একাউন্ট নম্বরের তালিকা আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

যে কোন প্রয়োজনে নিম্নবর্ণিত ফোন নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

ফোন নম্বর : ০১৭৭৮৯৫৮৩৫৬
০১৭৭৮৯৬৪১৫৬

১১-৪-২০২১

কাজী হাসিবুদ্দীন আহমেদ

সহকারী পরিচালক

ফোন: ০২-৫৫০০০৪২৮

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস (সকল)

ইমেইল: ad.stipend@pmeat.gov.bd

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০৩.৩২.০০১.১৯.৯/১

তারিখ: ২৮ চৈত্র ১৪২৭

১১ এপ্রিল ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) জেলা প্রশাসক (সকল)

২) জেলা শিক্ষা অফিসার (সকল)


৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

৪) ডিজিএম এবং শাখা প্রধান, অগ্রণী ব্যাংক লিঃ, জাতীয় প্রেসক্লাব কর্পোরেট শাখা, ঢাকা-১০০০।

৫) হেড অফ গভর্নমেন্ট প্রজেক্ট এন্ড বিজনেস সেলস, বিকাশ লিঃ, স্বাধীনতা টাওয়ার, বীরশ্রেষ্ঠ শহীদ জাহাজীর গেট, ঢাকা ক্যান্ট: ঢাকা-১২০৬।

৬) ব্যবস্থাপনা পরিচালক, ডাচ বাংলা ব্যাংক লিঃ, সেনা কল্যাণ ভবন (৩য় তলা), ১৯৫ বি/এ, ঢাকা-১০০০।

৭) প্রোগ্রামার , আইসিটি শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট



১১-৪-২০২১

কাজী হাসিবুদ্দীন আহমেদ

সহকারী পরিচালক